

তফসিল - ৫

পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক লাইসেন্স আবেদন ফরম

পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক-এর লাইসেন্স প্রাপ্তির পদ্ধতি

পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক-এর লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত/পদ্ধতিসমূহ প্রযোজ্য হইবে :-

- ১) প্রয়োজনীয় যোগ্যতা ও সন্তোষজনকভাবে প্রয়োজনীয় প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত আবেদন পত্রের ফরমে (সংযুক্তি-১) কমিশনের নিকট লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে। আবেদন পত্রের সহিত চিকিৎসা ইতিহাস ও ডাক্তারী পরীক্ষার সনদপত্র (সংযুক্তি-২) সংযুক্ত করিতে হইবে ;
- ২) পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক লাইসেন্সের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হইতেছে প্রকৌশলে স্নাতক অথবা পদার্থ বিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রী ;
- ৩) প্রয়োজনীয় প্রশিক্ষণের বিবরণ ১০ সি, এফ, আর, ৫৫ (10 CFR 55) এবং ইউ,এস,এন,আর,সি, এন,ইউ,আর,ই,জি - ০০৯৪, রেড - ১ (USNRC NUREG - 0094 Rev - 1) এ বর্ণিত আছে ;
- ৪) লাইসেন্স এর পদ্ধতি ও শর্তাবলী ১০ সি,এফ,আর ৫৫ এর চাহিদাসমূহের সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে ;
- ৫) লাইসেন্সে অবশ্যই আবেদনকারীর পুলিশ ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এন,এস,আই) সংস্থা ভেটিং (Vetting) থাকিতে হইবে ;
- ৬) ১০ সি, এফ, আর, ৫৫ (10 CFR 55) এবং ইউ,এস,এন,আর,সি, এন,ইউ,আর,ই,জি - ০০৯৪, রেড - ১ (USNRC NUREG - 0094 Rev - 1) এর চাহিদানুযায়ী কমিশন লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে ; এবং
- ৭) কমিশনের নিকট আবেদনকারীর আবেদন পত্র, চিকিৎসা ইতিহাস এবং ডাক্তারী পরীক্ষার ফলাফল, লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং পুলিশ ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা ভেটিং সন্তোষজনক প্রতীয়মান হইলে, কমিশন বিধিমালায় চাহিদা অনুযায়ী শর্ত সাপেক্ষে লাইসেন্স প্রদান করিবে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ
ডাক বাক্স নং-১৫৮, রমনা, ঢাকা ।

সূত্র নং-পানিবিনি - ৪(১৩)/৮৮

ফরম অনুমোদন নং-ল-১/৮৮

পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক লাইসেন্স এর আবেদন পত্রের ফরম

- ১। _____
পূর্ণ নাম
- সদ্য তোলা এক(১) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করুন। ছবির পিছনে নাম, ঠিকানা ও ছবি তুলিবার সাল উল্লেখ করুন।
- ২। _____
পিতার নাম
- ৩। বর্তমান ঠিকানা : টেলিফোন (যদি থাকে) কার্যালয় :
..... বাসা :
.....
- ৪। স্থায়ী ঠিকানা : টেলিফোন (যদি থাকে) :
.....
.....
- ৫। জন্ম তারিখ : ৬। জন্ম স্থান :
বৎসর/মাস/দিন
- ৭। জন্ম সূত্রে জাতীয়তা : ৮। বর্তমান জাতীয়তা :
- ৯। পুরুষ/মহিলা :
- ১০। বৈবাহিক অবস্থা :
অবিবাহিত/বিবাহিত/তালাক প্রাপ্ত/বিপত্নীক/বিধবা/আলাদা ভাবে বসবাসকারী

১১। শিক্ষাগত যোগ্যতা : (কালক্রম অনুযায়ী প্রাথমিক শিক্ষা পরবর্তী অন্যান্য শিক্ষা উল্লেখ করিতে হইবে)

শিক্ষা কাল		ডিগ্রী এবং শ্রেণী/বিভাগ	ডিগ্রী প্রাপ্তির বৎসর	প্রধান পাঠ্য বিষয়	শিক্ষা প্রতিষ্ঠানের নাম
হইতে	পর্যন্ত				

১২। চাকুরীর বিবরণ : বর্তমান এবং পূর্ববর্তী চাকুরীর বৃত্তান্ত বিপরীতক্রম অনুযায়ী লিপিবদ্ধ করুন। প্রতিটি পদের জন্য পৃথক ঘর ব্যবহার করুন। প্রয়োজনবোধে একই মাপের অতিরিক্ত কাগজ সংযুক্ত করুন।

হইতে মাস/বৎসর	পর্যন্ত বর্তমান	আপনার পদের প্রকৃত পদবী	আপনার কাজের বিবরণ
বর্তমান নিয়োগকর্তার নাম এবং ঠিকানা :			
বর্তমান তত্ত্বাবধায়কের নাম ও পদবী :			
কাজের ধরণ			
নিয়োগ কর্তার নাম ও ঠিকানা :			
কাজের ধরণ			

১৩। পূর্বে কোন পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক লাইসেন্স প্রদান করা হইয়াছিল কিনা? প্রদান করা হইয়া থাকিলে লাইসেন্সের ক্রমিক নং, লাইসেন্স প্রদানের স্থান ও তারিখ এবং মেয়াদোত্তীর্ণের তারিখ উল্লেখ করুন (সত্যায়িত কপি সংযুক্ত করুন)।

১৪। আবেদনকারী ইচ্ছা করিলে প্রাসংগিক অন্য কোন তথ্য প্রদান করিতে পারেন।

১৫। আমি প্রত্যয়ন করিতেছি যে, আমার জানামতে উপরে উল্লেখিত সকল তথ্য সত্য, এবং চালকের লাইসেন্স প্রদানের প্রয়োজনে কমিশনকে এই আবেদন পত্রের যে কোন তথ্য ব্যবহার করিবার ক্ষমতা প্রদান করিতেছি।

তারিখ

স্থাপনা

আবেদনকারীর স্বাক্ষর

১৬। যে পরমাণু রিয়াক্টর স্থাপনার জন্য লাইসেন্সের আবেদন করা হইয়াছে উহার নাম ও ঠিকানা এবং ঐ স্থাপনার লাইসেন্স নং উল্লেখ করুন।

১৭। আবেদনকারী যোগ্যতার সহিত এবং নিরাপদভাবে পরমাণু রিয়াক্টরের নিয়ন্ত্রকসমূহ চালনা শিক্ষা লাভ করিয়াছেন তাহার স্বাক্ষর/প্রমাণ এবং পরমাণু রিয়াক্টর চালক/জ্যেষ্ঠ পরমাণু রিয়াক্টর চালক লাইসেন্সের প্রয়োজনীয়তা। উত্তীর্ণ পরীক্ষাসমূহের তালিকা এবং সংশ্লিষ্ট সংযুক্ত করুন।

১৮। কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষাসমূহ সম্পূর্ণরূপে পরিহার করিতে চাহিলে তাহার সুপক্ষে যথাপোযোগী যুক্তি প্রদান করুন।

১৯। পানিবিদ্য বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে (নং এম.টি-১/৮৮) অনুমোদিত নিবন্ধিত চিকিৎসক দ্বারা সদ্য সম্পন্ন ডাক্তারী পরীক্ষায় প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে।

২০। পরমাণু রিয়াক্টর স্থাপনার প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধি কর্তৃক লিখিত অনুরোধ

তারিখ	স্থান	প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীলমোহর
-------	-------	---

নির্দেশাবলী : (১) ৩ (তিন) কপি আবেদন পত্র দাখিল করিতে হইবে।

(২) আবেদনকারী আবেদনপত্রের ১ম, ২য় ও ৩য় পৃষ্ঠার সকল বিষয় অবশ্যই নিজে পূরণ করিবেন এবং পরমাণু রিয়াক্টর স্থাপনার প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধি আবেদন পত্রের ৪র্থ ও ৫ম পৃষ্ঠা পূরণ করিবেন।

৩) অন্য যে কোন অতিরিক্ত তথ্য/ব্যাখ্যার জন্য অনুগ্রহপূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগের সহিত যোগাযোগ করুন।